**যুগান্তর**

তারিখ ... 9 APR 2012 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানে মডেল সায়েন্স ল্যাবের সুপারিশ সংসদীয় কমিটির

সংসদ রিপোর্টার

সারাদেশে বিজ্ঞান শিক্ষা প্রসারে গুরুত্বপূর্ণ মাধ্যমিক বিদ্যালয়গুলোতে মডেল সাইন্স ল্যাব তৈরির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্য সরবরাহ করার সুপারিশ হয়েছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। রোববার জাতীয় সংসদে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি আলহাজ্ব মোঃ নজরুল ইসলাম এতে সভাপতিত্ব করেন। বৈঠকে কমিটির সদস্য নারায়ণ চন্দ্র চন্দ, নাছিরুল আলম চৌধুরী, মোঃ শাহরিয়ার আলম, তানভীর শাকিল জয় ছাড়াও বিশেষ আমন্ত্রণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুর রব হাওলাদার উপস্থিত ছিলেন। বৈঠকে সরকারের তিন বছরে এ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীন সংস্থাগুলো কর্তৃক সম্পাদিত কার্যক্রমের সার্বিক পরিস্থিতি এবং অর্জন সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হয়।